

স্মারক নং- সদেক/২০২৪/হিসাব/এন-১/ ৮০

তারিখ : ০৬/১১/২০২৪ খ্রি.

**এস.এস.সি-২০২৪ সালের পরীক্ষায় বৃত্তিপ্রাপ্ত (মেধা ও সাধারণ) শিক্ষার্থীদের বৃত্তির তথ্য
জমাদানের সময়সীমা বর্ধিতকরণ সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি:**

এতদ্বারা অত্র কলেজে একাদশ শ্রেণিতে অধ্যয়নরত ছাত্র- ছাত্রীদের জানানো যাচ্ছে যে, ২০২৪ সালের এস.এস.সি পরীক্ষায় পাসকৃত রাজস্ব খাতভুক্ত বৃত্তিপ্রাপ্ত (মেধা ও সাধারণ) নিয়মিত শিক্ষার্থীদের বৃত্তির টাকা G2P পদ্ধতিতে E.F.T- এর মাধ্যমে সরাসরি শিক্ষার্থীদের ব্যাংক হিসাবে প্রেরণ করা হবে। এ লক্ষ্যে ২০২৪ সালের এস.এস.সি পরীক্ষায় পাসকৃত বৃত্তিপ্রাপ্ত (মেধা ও সাধারণ) শিক্ষার্থীদের অনলাইন সুবিধাসম্পন্ন ব্যাংক হিসাব খুলে নিম্নবর্ণিত কাজগপত্রসহ ব্যাংক হিসাব নম্বর আগামী ১৮/১১/২০২৪ তারিখের মধ্যে (সরকারি ছুটিরদিন ব্যতীত) কলেজের হিসাব শাখায় জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া হলো।

উল্লেখ্য যে, সঠিক তথ্যাদি ও প্রয়োজনীয় কাগজপত্র কলেজের হিসাব শাখায় জমা না দিলে বৃত্তির টাকা উত্তোলন করা কোন ভাবেই সম্ভব হবে না এবং এর জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

প্রয়োজনীয় কাগজপত্রাদি:

- ০১। কলেজের হিসাব শাখা হতে অনলাইন ফরম সংগ্রহ করে সঠিক ও নির্ভুলভাবে পূরণ করা।
- ০২। বৃত্তির গেজেটের ফটোকপি।
- ০৩। এস.এস.সি পরীক্ষার নম্বর পত্রের ফটোকপি।
- ০৪। পূর্ববর্তী শিক্ষা প্রতিষ্ঠানের প্রত্যয়ন পত্র।
- ০৫। ব্যাংক হিসাব খোলার প্রমাণ পত্র।
- ০৬। ১৩ থেকে ১৭ ডিজিটের সঠিক ব্যাংক হিসাব নম্বর, ব্যাংকের নাম, শাখার নাম ও রাউটিং নম্বর (বিকাশ, শিওর ক্যাশ, ট্যাব, নগদ, এজেন্ট ব্যাংক এ ধরনের হিসাব নম্বর ব্যতীত)।
- ০৭। শিক্ষার্থীর কলেজ আই. ডি. কার্ড- এর ফটোকপি।
- ০৮। শিক্ষার্থীর জন্ম সনদের ফটোকপি।
- ০৯। পিতা- মাতার এন. আই. ডি কার্ডের ফটোকপি।
- ১০। শিক্ষার্থীর সক্রিয় মোবাইল নম্বর।


❖ পূর্ববর্তী অর্ধবছরের যেসব শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বরে বৃত্তির টাকা এখনও জমা হয়নি তাদেরকেও উক্ত তারিখের মধ্যে ব্যাংকের সঠিক তথ্যাবলী নিয়ে কলেজের হিসাব শাখায় যোগাযোগ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

❖ উক্ত তারিখের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্র জমা দিতে ব্যর্থ হলে বৃত্তির অর্থ কোন ক্রমেই প্রদান করা সম্ভব হবে না।

প্রতিস্বাক্ষর


অধ্যক্ষ

সরকারি দেবেন্দ্র কলেজ
মানিকগঞ্জ।


আইবায়ক

রাজস্ব খাতের বৃত্তি কমিটি/ ২০২৪-২০২৫
সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।